# NYC DOE-এর পাবলিক স্কুলসমূহে স্বাগতম!

## আরও জানুন এবং আবেদন করুন

**2023 NYC পাবলিক স্কুল অ্যাডমিশন্স গাইড (এই বইটি)**
অ্যাডমিশন্স বা ভর্তি সম্পর্কিত একটি উপরিচিত্র গ্রহণ করুন। আরো জানতে কীভাবে করতে হবে তা জেনে নিন।

**MySchools.nyc**
প্রোগ্রামের বিকল্প বা অপশনগুলো অনুসন্ধান করুন, আপনার ব্যক্তিগত আবেদনপত্র দেখুন, আবেদন করুন এবং আপনার অফার গ্রহণ করুন—সব একই স্থানে।

**schools.nyc.gov/SignUp**
সর্বসাম্প্রতিক তথ্য, গুরুত্বপূর্ণ স্মারক, এবং অনুষ্ঠানে আমন্ত্রণ পেতে আমাদের ইমেইল তালিকার গ্রাহক হতে সাইন আপ করুন।

### প্রক্রিয়াসমূহ

কখন আবেদন করতে হবে এবং কীভাবে অফার দেয়া হয় তা সহ সর্বসাম্প্রতিক, বিস্তারিত তথ্য জেনে নিন। আমাদের ভিডিও সিরিজগুলো প্রতিটি প্রক্রিয়া আপনাকে ধাপে ধাপে অবহিত করবে।

**nyc.gov/EarlyLearn**
যোগ্য পরিবারগুলোর 0-2 বছর বয়সী শিশুদের জন্য

**nyc.gov/3K**
2020 সালে জন্মগ্রহণকারী শিশুদের জন্য

**nyc.gov/PreK**
2019 সালে জন্মগ্রহণকারী ছেলেমেয়েদের জন্য

**schools.nyc.gov/Kindergarten**
2018 সালে জন্মগ্রহণকারী ছেলেমেয়েদের জন্য

**schools.nyc.gov/GT**
যোগ্য এলিমেন্টারি স্কুল শিক্ষার্থীদের জন্য

**schools.nyc.gov/Middle**
বর্তমান পঞ্চম (5) গ্রেডের শিক্ষার্থীদের জন্য

**schools.nyc.gov/High | schools.nyc.gov/SHS**
বর্তমান অষ্টম (8) গ্রেড এবং প্রথমবারের মত নবম (9) গ্রেডের শিক্ষার্থীদের জন্য

## ব্যক্তিগতকৃত সহায়তা গ্রহণ করুন

**স্কুল কাউন্সিলারগণ**
**ফ্যামিলি ওয়েলকাম সেন্টারসমূহ - schools.nyc.gov/FWC**
স্কুল কাউন্সিলার এবং ফ্যামিলি ওয়েলকাম সেন্টারের স্টাফগণ ভর্তি প্রক্রিয়ায় আপনাকে পথনির্দেশনা দিতে, আপনার আবেদনপত্র প্রস্তুতে আপনাকে সহায়তা করতে, এবং প্রয়োজনে মাইস্কুলস্ ব্যবহারে আপনাকে সাহায্য করতে প্রস্তুত আছেন। **সেকশন 1.3** -এ আরও জানুন।

**718-935-2009**
ভর্তি প্রসঙ্গে আপনার কোনও প্রশ্ন থাকলে আমাদের সাথে যোগাযোগ করুন।

**CCapplication@schools.nyc.gov | 311**
আয় ও চাহিদা অনুযায়ী যোগ্য পরিবারদের, জন্ম থেকে দুই বছর বয়সী শিশুদের জন্য চাইল্ড কেয়ার প্রোগ্রামগুলোর বিকল্প ও যোগ্যতা সম্পর্কে জানতে আমাদের ইমেইল অথবা ফোন করুন।

# বিষয়সূচি


## ভর্তি সংক্রান্ত সংস্থান বা রিসোর্সসমূহ ..................7

**1.0 NYC পাবলিক স্কুলে স্বাগতম!** ..................7

1.1 আমরা সকল শিক্ষার্থীদের স্বাগত জানাই এবং পরিষেবা দেই ..................8

1.2 আপনার স্কুল ডিস্ট্রিক্ট ..................10

**মানচিত্র** NYC স্কুল ডিস্ট্রিক্টসমূহ ..................11

1.3 আপনার স্থানীয় ফ্যামিলি ওয়েলকাম সেন্টার ..................12

1.4 আপনার স্কুল কাউন্সিলার ..................12

**মানচিত্র** ফ্যামিলি ওয়েলকাম সেন্টারসমূহ ..................13

1.5 রেজিস্ট্রেশনের যাচাই-তালিকা বা চেকলিস্ট ..................14

1.6 পরিবহন সংক্রান্ত তথ্য ..................14

1.7 NYC DOE-এর তিনটি ওয়েবসাইট ..................15

**2.0 মাইস্কুলস্ দেখুন: আপনার স্কুল ডিরেক্টরি এবং আবেদন** ..................16

2.1 আপনার মাইস্কুলস্ অ্যাকাউন্ট কীভাবে তৈরি (সেট আপ) করবেন ..................17

2.2 স্কুল এবং প্রোগ্রামসমূহ কীভাবে খোঁজ করবেন ..................19

2.3 কীভাবে আবেদন করবেন ..................21

2.4 আপনার অফার কীভাবে পাবেন ..................22

## শৈশবকালীন শিক্ষা (আর্লি চাইল্ডহুড এডুকেশন) ..................23

**3.0 আর্লিলার্ন (6 সপ্তাহ থেকে – 2 বছর বয়সী)** ..................24

**4.0 3-K এবং প্রি-K** ..................25

**পদক্ষেপসমূহের যাচাই-তালিকা** ..................25

4.1 কারা আবেদন করতে পারে? ..................26


4.2 প্রোগ্রামসমূহ অন্বেষণ করুন ..................26

4.3 শিক্ষার্থীরা কীভাবে অফার পায় তা জানুন ..................30

4.4 3-K বা প্রি-Kতে আবেদন করুন ..................34

4.5 আপনার ফলাফল গ্রহণ করুন ..................35

# 1.0 NYC পাবলিক স্কুলে স্বাগতম!




**জন্ম – প্রি-K**
**শৈশবকালীন শিক্ষা (আর্লি চাইল্ডহুড এডুকেশন)**
**সেকশন 3.0 এবং 4.0**

**K-5 গ্রেড**
**এলিমেন্টারি স্কুল**
**সেকশন 5.0 দেখুন**

**6-8 গ্রেড**
**মিডল্ স্কুল**
**সেকশন 6.0 দেখুন**

**9-12 গ্রেড**
**হাই স্কুল**
**সেকশন 7.0 দেখুন**

### প্রি-K

**4 বছর বয়সীদের জন্য**
আপনার সন্তান যখন চার বছর বয়সী হবে তখন আবেদন করুন।

### 3-K

**3 বছর বয়সীদের জন্য**
আপনার সন্তান যখন তিন বছর বয়সী হবে তখন আবেদন করুন।

### আর্লিলার্ন

**6 সপ্তাহ থেকে 2 বছর বয়সী**
আয় এবং চাহিদা অনুযায়ী যেসব পরিবার যোগ্য তারা বছরের যেকোনো সময় চাইল্ড কেয়ারের জন্য আবেদন করতে পারেন।

### কিন্ডারগার্টেন

**5 বছর বয়সীদের জন্য**
এই শীতে আবেদন করুন: আপনার সন্তান যে ক্যালেন্ডার বছরে পাঁচ হবে সেই হেমন্তে (ফল-এ) কিন্ডারগার্টেনে প্রবেশ করবে—বেশীরভাগ শিক্ষার্থী তাদের জোনভুক্ত এলিমেন্টারি স্কুলে অংশগ্রহণ করে।

### গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড (G&T)

যোগ্য ছেলেমেয়েরা (ত্বরায়িত শিক্ষার জন্য শনাক্তকৃত) কিন্ডারগার্টেন, প্রথম (1), দ্বিতীয় (2), অথবা তৃতীয় (3) গ্রেডে প্রবেশের জন্য আবেদন করতে পারে।

### মিডল্ স্কুল

পঞ্চম গ্রেড অথবা আপনার সন্তানের এলিমেন্টারি স্কুলের শেষ বছর চলাকালে আবেদন করুন—বেশীরভাগ শিক্ষার্থী তাদের ডিস্ট্রিক্টের মিডল্ স্কুলে এবং অনেকে তাদের জোনভুক্ত স্কুলে অংশগ্রহণ করে।

### হাই স্কুল

অষ্টম গ্রেড চলাকালে আবেদন করুন (অথবা দশম গ্রেডের আসনের জন্য নবম গ্রেড চলাকালে)—শিক্ষার্থীরা সিটিব্যাপী বিভিন্ন প্রোগ্রামে আবেদন করতে পারে!

### স্পেশালাইজড্ হাই স্কুলসমূহ

অষ্টম অথবা নবম গ্রেড চলাকালে পরীক্ষা এবং/অথবা অডিশনের জন্য রেজিস্টার করুন।

1.1

# আমরা সকল শিক্ষার্থীদের স্বাগত জানাই এবং পরিষেবা দেই

## ইংরেজি ভাষা শিক্ষার্থীবৃন্দ

**schools.nyc.gov/ELL**

আমরা আপনার ভাষায় কথা বলি! DOE ইংরেজি, আরবি, বাংলা, চায়নিজ, ফ্রেঞ্চ, হেশিয়ান ক্রিওল, কোরিয়ান, রাশিয়ান, স্প্যানিশ, এবং উর্দু ভাষায় তথ্য প্রদান করে এবং 200-টির বেশি ভাষায় দোভাষী পরিষেবা অফার করে।

- একজন ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার (ELL) হলো এমন এক শিক্ষার্থী যে ইংরেজি ভিন্ন অন্য ভাষায় কথা বলে ও বোঝে এবং ইংরেজি ভাষায় দক্ষতা অর্জনে সহায়তা প্রয়োজন।
- NYC স্কুলগুলি ইংরেজি ভাষা শিক্ষার্থীদের (ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নারদের) জন্য তিনটি বিকল্প প্রোগ্রাম অফার করে: নতুন ভাষা হিসেবে ইংরেজি (ইংলিশ অ্যাজ এ নিউ ল্যাঙ্গুয়েজ, ENL), উত্তরণমূলক দ্বিভাষিক শিক্ষা (ট্র্যানজিশনাল বাইলিঙ্গুয়াল এডুকেশন, TBE), এবং দ্বৈত ভাষা (ডুয়াল ল্যাঙ্গুয়েজ, DL)। সকল স্কুল, অন্ততপক্ষে, ENL অফার করে। প্রতিটি প্রোগ্রামের অপশন, ELL শনাক্তকরণ প্রক্রিয়া, এবং আমাদের ওয়েবসাইটে আপনার অধিকারসমূহ সম্পর্কে আরও জানুন।
- 3-K এবং প্রি-K ফর অল-এর প্রোগ্রামসমূহ উত্থানশীল বহু ভাষার শিক্ষার্থীদেরও (ইমার্জেন্ট মাল্টিলিঙ্গুয়াল লার্নারস্, EMLs) সহায়তা করে - সেসব শিক্ষার্থী যারা বাড়িতে ইংরেজি ভিন্ন অন্য ভাষায় কথা বলে।

## অভিবাসী বা ইমিগ্র্যান্ট পরিবারবর্গ

**schools.nyc.gov/SupportingImmigrantFamilies**

অভিবাসনগত অবস্থা (ইমিগ্রেশন স্ট্যাটাস) যাই হোকনা কেন, নিউ ইয়র্ক সিটির প্রতিটি শিশুর পাবলিক স্কুলে লেখাপড়া করার অধিকার রয়েছে। আইন অনুযায়ী, ছেলেমেয়েদের কাছে তাদের ইমিগ্রেশন স্ট্যাটাসের ডক্যুমেন্ট চাওয়া যাবে না, এমনকি ইমিগ্রেশন স্ট্যাটাসের উপর নির্ভর করে তাদের ভর্তি, রেজিস্টার বা DOE-এর কোনো পাবলিক স্কুলে এনরোলমেন্ট বা তালিকাভুক্তি প্রত্যাখ্যানও করা যাবে না। DOE কর্মীগণ কোনো পরিবারের স্ট্যাটাস সম্পর্কে জিজ্ঞাসা করবেন না এবং যদি তারা ইমিগ্রেশন স্ট্যাটাস সম্পর্কে জেনে যান তাহলে তারা অবশ্যই সেটিকে গোপন রাখবেন। পাবলিক স্কুলসমূহ আমাদের গণতন্ত্রের কেন্দ্রস্থলে অবস্থিত এবং সকল শিক্ষার্থী, পরিবার ও শিক্ষকদের জন্য একটি নিরাপদ জায়গা হিসেবে বহাল থাকবে। অনুগ্রহ করে লক্ষ্য করবেন যে, আর্লি চাইল্ডহুডের দীর্ঘায়িত দিন এবং বছরের আসনসমূহে ফেডারেল চাইল্ড কেয়ার অ্যান্ড ডেভেলপমেন্ট ব্লক গ্র্যান্ট দ্বারা অর্থায়ীত, যা পরিবারদের জন্য আবশ্যক করে যে যোগ্য হবার জন্য তাদের সন্তানকে একজন যুক্তরাষ্ট্রের নাগরিক, বৈধ পার্মানেন্ট রেসিডেন্ট (স্থায়ী আবাসী), কিংবা রেফ্যুজি (শরনার্থী) হতে হবে। 3-K বা প্রি-K প্রোগ্রামের কোনো পূর্ণ দিবস বা হেড স্টার্ট আসনে এনরোল করতে পরিবারদের নাগরিকত্ব বা ইমিগ্রেশন স্ট্যাটাস-এর প্রমাণ দিতে হবে না।

## প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীবৃন্দ

**schools.nyc.gov/SpecialEducation**

প্রতিটি স্কুল ইন্ডিভিজ্যুয়ালাইজড্ এডুকেশন প্রোগ্রাম (IEP) যুক্ত শিক্ষার্থীদের স্বাগত জানাবে এবং তাদের IEP অনুযায়ী সুপারিশকৃত প্রোগ্রাম ও পরিষেবা প্রদান করবে বলে প্রত্যাশিত। সকল স্কুল প্রোগ্রাম IEP-যুক্ত ও -বিহিন শিক্ষার্থীদের ভর্তি করে। শিক্ষার্থীর IEP কিংবা 504 অনুযায়ী পরীক্ষায় বিশেষ ব্যবস্থা প্রদান করা হয়। যেসব শিক্ষার্থীর IEP কোনও ডিস্ট্রিক্ট 75 প্রোগ্রাম সুপারিশ করে, তাদের জন্য আমাদের ওয়েবসাইটে আরও তথ্য রয়েছে।

1.7

# NYC DOE-এর তিনটি ওয়েবসাইট

## schools.nyc.gov




**DOE-এর পাবলিক ওয়েবসাইট**

NYC পাবলিক স্কুল সংক্রান্ত তথ্য, ক্যালেন্ডার, সংবাদ, এবং সংস্থান বা রিসোর্সসমূহ

**এটা কীভাবে ব্যবহার করতে হবে:**

স্কুলে কীভাবে আবেদন করতে হবে তা সহ, NYC পাবলিক স্কুলগুলো সংক্রান্ত সর্বসাম্প্রতিক তথ্য খুঁজুন

**এটা কার জন্য:**

- যে কেউ: এই ওয়েবপেইজটি সকলের জন্য উন্মুক্ত—আপনার কোনও অ্যাকাউন্টের প্রয়োজন নেই
- অ্যাডমিশন্স বা ভর্তি সংক্রান্ত সর্বসাম্প্রতিক তথ্য পেতে আগ্রহী? আমাদের ইমেইল তালিকার জন্য **schools.nyc.gov/SignUp** গ্রাহক হোন

## MySchools.nyc




**মাইস্কুলস্**

NYC-র পাবলিক স্কুল এবং প্রোগ্রামগুলোর একটি অনলাইন ডিরেক্টরী, এবং পরিবারদের জন্য একটি ব্যক্তিগতকৃত আবেদন করার সিস্টেম বা পদ্ধতি


**এটা কীভাবে ব্যবহার করতে হবে:**

স্কুল এবং আর্লি চাইল্ডহুড প্রোগ্রামসমূহ অন্বেষণ করুন, আবেদনপত্র তৈরি করুন, আবেদন করুন, অফার গ্রহণ করুন, এবং অপেক্ষা-তালিকা বা ওয়েটলিস্ট দেখুন—সব একই স্থানে। **সেকশন 2.0** -এ আরো জানুন।

**এটা কার জন্য:**

- যে কেউ: বছর-ব্যাপী, স্কুল ডিরেক্টরিগুলো জনগণের জন্য উন্মুক্ত
- যেসব পরিবার সন্তানের জন্য স্কুলে আবেদন করছে: একটি ব্যক্তিগতকৃত সার্চ (খোঁজকরণ) ব্যবহার করতে এবং আপনার সন্তানের আবেদন করতে একটি অ্যাকাউন্ট তৈরি করে লগ ইন করুন

## SchoolsAccount.nyc




**NYC স্কুলস্ অ্যাকাউন্ট - প্যারেন্ট পোর্টাল (NYCSA)**

আপনার সন্তানের বর্তমান স্কুল, শিক্ষা, এবং অ্যাকাডেমিক রেকর্ড সংক্রান্ত তথ্য—ফল (হেমন্ত) 2022 থেকে শুরু করে, আপনার NYCSA অ্যাকাউন্ট ব্যবহার করেও মাইস্কুলস্ দেখতে পারবেন

**এটা কীভাবে ব্যবহার করতে হবে:**

আপনার সন্তানের শিক্ষায় সম্পৃক্ত থাকুন—গ্রেড দেখুন, আপডেট গ্রহণ করুন, ফর্ম পূরণ করুন, প্রযুক্তিগত সহায়তা নিন, এবং সাপোর্টহাব সম্পর্কে FAQ দেখুন, এবং আরো অনেক কিছু

**এটা কার জন্য:**

- যে কেউ: DOE-এর সাধারণ জরুরী সতর্কবাণী পেতে একটি অ্যাকাউন্ট তৈরি করুন
- যেসব পরিবারের সন্তানরা বর্তমানে DOE-এর পাবলিক স্কুলগুলোতে রয়েছে: লগ ইন করুন এবং আপনার সন্তানদের রেকর্ড এবং সুনির্দিষ্ট স্কুল সংক্রান্ত সর্বসাম্প্রতিক তথ্য পেতে আপনার অ্যাকাউন্টে তাদের যোগ করুন

# 3.0 আর্লিলার্ন (6 সপ্তাহ - 2 বছর বয়সী)

যেসব যোগ্য পরিবারে ছয় সপ্তাহ থেকে দুই বছর বয়সী শিশু আছে, তাদের জন্য NYC বিনামূল্যে কিংবা স্বল্প মূল্যে আর্লিলার্ন প্রোগ্রামসমূহ অফার করে। এই প্রোগ্রামগুলো বছরব্যাপী ভর্তি-যোগ্য এবং যোগ্য পরিবারেরা যেকোনো সময় এনরোল বা তালিকাভুক্ত হতে পারেন! আরো জানতে **nyc.gov/EarlyLearn** -দেখুন। দুই ধরনের আর্লিলার্ন প্রোগ্রাম রয়েছে:

- **ইনফ্যান্ট (ছোট্ট শিশু)/টডলার (সদ্য হাটতে শেখা শিশু) প্রোগ্রামসমূহ** ছয় সপ্তাহ থেকে দুই বছর বয়সী শিশুদের সেবা এবং শিক্ষা প্রদান করে। এই প্রোগ্রামগুলো পরিবারদের সারা বছরব্যাপী সর্বোচ্চ 10 ঘন্টা পর্যন্ত পরিষেবা প্রদান করে এবং দুইটি কাঠামোয় লভ্য রয়েছে:
  - NYC আর্লি এডুকেশন সেন্টারগুলোতে (NYCEECs) সেন্টার-ভিত্তিক পরিষেবা
  - ফ্যামিলি চাইল্ডকেয়ার নেটওয়ার্কসমূহে (FCCNs) বাড়ি-ভিত্তিক পরিষেবা

  যোগ্যতা এবং তালিকাভুক্তি (এনরোল) সম্পর্কে জানতে **CCapplication@schools.nyc.gov** ঠিকানায় ইমেইল করুন।
- **আর্লি হেড স্টার্ট প্রোগ্রামসমূহ** গর্ভবতী মা, ছোট্ট শিশু, এবং সদ্য হাটতে শেখা শিশুদের পরিষেবা প্রদান করে। এই প্রোগ্রামগুলো সারা বছরব্যাপী, প্রতিদিন অন্তত আট ঘন্টা পরিষেবা প্রদান করে। যোগ্যতা এবং তালিকাভুক্তি (এনরোল) সম্পর্কে শিখতে সরাসরি প্রোগ্রামগুলিতে যোগাযোগ করুন।

আপনি যেকোনো প্রোগ্রামের যোগাযোগের তথ্য **MySchools.nyc** -এ 'বার্থ টু 3-ইয়ারস্-ওল্ড' (জন্ম থেকে 3 বছর বয়সী) ডিরেক্টরিতে পাবেন। প্রোগ্রামের জন্য যোগ্যতা পরিবারের আয়, সদস্য সংখ্যা এবং চাহিদার উপর নির্ভর করে। আপনি যখন ডিরেক্টরিতে প্রবেশ করবেন, তখন "More Filters" ব্যবহার করুন এবং প্রোগ্রাম অপশনগুলো দেখতে "EarlyLearn" বেছে নিন।

## প্রোগ্রামে ভর্তির যোগ্যতা

ইনফ্যান্ট (ছোট্ট শিশু)/টডলার (সদ্য হাটতে শেখা শিশু) এবং আর্লি হেড স্টার্ট প্রোগ্রামসমূহ সম্পর্কে সর্বসাম্প্রতিক তথ্যের জন্য **schools.nyc.gov/EarlyLearn** দেখুন।

### ইনফ্যান্ট /টডলার প্রোগ্রামসমূহের জন্য

- ☐ পরিষেবার জন্য অনুমোদিত হতে হলে আপনার আয় একটি নির্দিষ্ট পরিমাণের চেয়ে কম এবং নিম্নলিখিতগুলোর অন্তত একটি হতে হবে:
  - ☐ আপনি সপ্তাহে গড়ে 10 ঘন্টা অথবা এর বেশি কাজ করছেন
  - ☐ আপনি একটি শিক্ষামূলক অথবা বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রোগ্রামে অংশগ্রহণ করছেন
  - ☐ আপনি চার-বছরের কলেজ শিক্ষার্থী, যিনি প্রতি সপ্তাহে কমপক্ষে 17.5 ঘণ্টা কাজ করছেন
  - ☐ আপনি সর্বোচ্চ ছয় মাস যাবৎ চাকরি খুঁজছেন
  - ☐ আপনি অস্থায়ী আবাসন বা টেম্পোরারি হাউজিংয়ে বসবাস করছেন
  - ☐ আপনি গৃহ নির্যাতনের জন্য সার্ভিস বা পরিষেবায় অংশগ্রহণ করছেন

### আর্লি হেড স্টার্ট প্রোগ্রামসমূহের জন্য

- ☐ যদি নিম্নলিখিতগুলোর অন্তত একটি আপনার জন্য প্রযোজ্য হয় তবে আপনার সন্তান যোগ্য হতে পারে:
  - ☐ আপনি যদি ফস্টার কেয়ারে থাকা কোনও শিশুকে এনরোল বা তালিকাভুক্ত করতে চান
  - ☐ আপনি SSI (সাপ্লিমেন্টাল সিকিউরিটি ইনকাম) গ্রহণ করছেন
  - ☐ আপনি HRA নগদ অর্থসাহায্য গ্রহণ করছেন
  - ☐ আপনি অস্থায়ী আবাসন বা টেম্পোরারি হাউজিংয়ে বসবাস করছেন
  - ☐ আপনার পারিবারিক আয় একটি নির্ধারিত পরিমাণের চেয়ে কম

দীর্ঘায়িত দিবস ও বছরের আসন অথবা হেড স্টার্ট আসন খুঁজতে, মাইস্কুলস্-এ “More Filters” (আরও ফিল্টার) অপশনটি বেছে নিন এবং “Extended Day and Year” (দীর্ঘায়িত দিবস এবং বছর) এবং/অথবা “Head Start” (হেড স্টার্ট) বেছে নিন।

## প্রোগ্রামের কাঠামো

3-K এবং প্রি-K প্রোগ্রামগুলো বিভিন্ন বিন্যাস বা সেটিংয়ে অবস্থিত। প্রতিটি সেটিং বা বিন্যাসের ধরণের নিজস্ব সুবিধা রয়েছে, কিন্তু সবগুলো সেটিংই অন্যান্য ছেলেমেয়ে ও শিক্ষকতায় নিয়োজিত স্টাফদের সাথে সম্পৃক্ততামূলক কর্মকাণ্ড এবং কথোপকথনে অংশগ্রহণের সুযোগ দেয়। সকল সেটিং বা বিন্যাসের প্রোগ্রামকেই DOE-এর একই গুণগত মান অনুযায়ী ধার্য করা হয় এবং সেগুলো সকল শিক্ষার্থীদের পরিষেবা প্রদান করে। আপনার পরিবারের জন্যে কোনটি সবচেয়ে ভাল হবে তার উপর নির্ভর করে, আপনি যেকোনো অথবা সবগুলো সেটিংয়ের প্রোগ্রামে আবেদন করা বেছে নিতে পারেন।

### আর্লি এডুকেশন সেন্টারসমূহ (NYCEECs)

কমিউনিটি ভিত্তিক সংগঠনসমূহকে একটি কঠোর মূল্যায়ন প্রক্রিয়ার মধ্য দিয়ে বাছাই করা হয়েছে এবং সেগুলো 3-K এবং প্রি-K প্রদান করার জন্য DOE-এর সাথে অংশীদারিত্ব করে

*এই অপশনটি বিবেচনা করুন, যদি...*

- বর্তমানে আপনার সন্তান ঐ কেন্দ্রের (সেন্টারের) একটি প্রোগ্রামে অংশগ্রহণ করছে
- আপনার সন্তানের কোনও ভাই বা বোন কেন্দ্রটিতে (সেন্টারে) পড়ছে
- আপনি আপনার সন্তানকে এমন কোনও সংগঠন দ্বারা পরিচালিত একটি প্রোগ্রামে দিতে চাচ্ছেন, যেটার সাথে আপনার নেইবারহুড এবং/অথবা কমিউনিটির দৃঢ় বন্ধন আছে
- আপনি যেখানে কাজ করেন অথবা স্কুলে যান সেখানে অবস্থিত অপশনগুলোর প্রতি আগ্রহী, শুধুমাত্র আপনার পরিবার যেখানে থাকে সেখানেই নয়
- যে সংগঠনটি সেন্টারটি পরিচালনা করছে সেটা থেকে আপনার পরিবার সামাজিক পরিষেবা বা সোশ্যাল সার্ভিস লাভ করে
- আপনার যদি আপনার সন্তানের জন্য আগে ড্রপ-অফ অথবা আফটার স্কুল প্রয়োজন হয় তবে—বহু প্রোগ্রাম আর্লি ড্রপ-অফ এবং/অথবা লেট পিকআপ অফার করে, এবং কিছু প্রোগ্রাম দীর্ঘায়িত দিবস ও বছর এবং/অথবা হেড স্টার্ট আসনসমূহও অফার করে।

### DOE-এর পাবলিক এলিমেন্টারি স্কুলসমূহ (ডিস্ট্রিক্ট স্কুলসমূহ)

এদের মাঝে কিছু, 3-K এবং প্রি-K প্রোগ্রাম অফার করে

*এই অপশনটি বিবেচনা করুন, যদি...*

- আপনার সন্তান বর্তমানে ঐ স্কুলে পড়ছে
- ঐ স্কুলে আপনার সন্তানের কোনও বড় ভাই অথবা বোন ইতোমধ্যে পড়ছে
- আপনি চাইছেন যে আপনার সন্তান একটি এলিমেন্টারি সেটিং-এ পড়বে

### প্রি-K সেন্টারসমূহ

DOE স্টাফ দ্বারা পরিচালিত হয়, শুধুমাত্র কিন্ডারগার্টেন পূর্ববর্তী গ্রেডগুলো অফার করে

*এই অপশনটি বিবেচনা করুন, যদি...*

- আপনার সন্তান বর্তমানে ঐ প্রি-K সেন্টারে পড়ছে
- আপনি চাইছেন যে আপনার সন্তান শুধুমাত্র শিশু শিক্ষার্থীদের সেটিংয়ের একটি প্রোগ্রামে পড়বে

6.1
# কারা আবেদন করতে পারে?

NYC শিক্ষার্থী তাদের পঞ্চম গ্রেড অথবা তাদের এলিমেন্টারি স্কুলের শেষ বছর - যদি ভিন্ন গ্রেড হয় - চলাকালে, একটি মিডল্ স্কুল আবেদনপত্র জমা দেয়ার মাধ্যমে DOE পাবলিক মিডল্ স্কুলে আবেদন করে।*

আবেদন করতে, আপনার সন্তানকে অবশ্যই উল্লিখিত দুটোই হতে হবে

1. NYC-র বাসিন্দা এবং
2. বর্তমান পঞ্চম গ্রেডের শিক্ষার্থী অথবা, যদি তার এলিমেন্টারি স্কুল ষষ্ঠ গ্রেডে শেষ হয়, তবে বর্তমান গ্রেডের শিক্ষার্থী

* যেসব বর্তমান চতুর্থ গ্রেডের শিক্ষার্থীরা ডিসট্রিক্ট 3-তে বসবাস করছে বা কোনো স্কুলে পড়াশোনা করছে তারা Center School (03M243) (সেন্টার স্কুল)-এ আবেদন করতে পারবে। যেসব বর্তমান চতুর্থ গ্রেডের শিক্ষার্থীরা কুইন্সে বসবাস করছে অথবা কোনও স্কুলে যাচ্ছে, তারা Louis Armstrong Middle School (30Q227) (ল্যুই আর্মস্ট্রং মিডল্ স্কুল)-এ আবেদন করতে পারবে। সকল বর্তমান ষষ্ঠ গ্রেডের শিক্ষার্থীরা Baccalaureate School for Global Education (30Q580) (ব্যাকালরিয়েট স্কুল ফর গ্লোবাল এডুকেশন)-এ আবেদন করতে পারবে।

6.2
# মিডল্ স্কুলগুলো অন্বেষণ করুন

কিছু কিছু মিডল্ স্কুলের একাধিক প্রোগ্রাম থাকতে পারে, যেমন একটি জেনারেল এডুকেশন (সাধারণ প্রোগ্রাম) এবং একটি ডুয়াল ল্যাঙ্গুয়েজ স্প্যানিশ প্রোগ্রাম থাকতে পারে। আপনার যদি একই স্কুলের একাধিক প্রোগ্রামে আবেদন করার আগ্রহ থেকে থাকে, তবে আপনার সন্তানের আবেদনপত্রে প্রতিটি প্রোগ্রাম ভিন্ন ভিন্ন বাছাইকৃত পছন্দ হিসেবে গণ্য হবে। আপনি সর্বোচ্চ 12টি প্রোগ্রামে আবেদন করতে পারবেন।

## যোগ্যতার শর্তাবলী

আপনার সন্তানের মিডল্ স্কুলের অপশনগুলো অন্বেষণ করার সময়, আপনি কোন্ প্রোগ্রামগুলোতে আবেদন করতে যোগ্য এবং যদি অফার পায় তবে অংশগ্রহণে যোগ্য, তা বোঝা গুরুত্বপূর্ণ। আপনি যখন আপনার মাস্কুলস্ একাউন্টে লগ ইন করবেন, তখন যে প্রোগ্রামগুলোতে আপনার সন্তান অংশগ্রহণ, এবং তার আবেদনপত্রে যোগ করার জন্য যোগ্য, সেই প্রোগ্রামগুলোর প্রতিটি আপনি অপশন হিসেবে দেখতে পাবেন। একটি প্রোগ্রামের মাইস্কুলস্ পেইজে তালিকাবদ্ধ যোগ্যতার শর্তাবলী আপনাকে কারা সেটায় আবেদন করতে পারে তা উল্লেখ করে। উদাহরণস্বরূপ, যদি একটি প্রোগ্রামের যোগ্যতার শর্তাবলীতে থাকে যে "যেসব শিক্ষার্থী ডিসট্রিক্ট 27-এ পড়াশোনা এবং/অথবা বসবাস করছে তাদের জন্য উন্মুক্ত," এর অর্থ হচ্ছে শুধুমাত্র যেসব শিক্ষার্থী ডিসট্রিক্ট 27-এ পাবলিক এলিমেন্টারি স্কুলে পড়াশোনা এবং/অথবা বসবাস করছে তারা আবেদন করতে পারবে। যেসব শিক্ষার্থী অন্য ডিস্ট্রিক্টে বসবাস অথবা পড়াশোনা করে তারা ঐ প্রোগ্রামে আবেদন করার যোগ্য নয়, এবং সেটা তাদের আবেদনপত্রে যোগ করতে সক্ষম হবে না।

বেশীরভাগ প্রোগ্রামের তিন ধরণের যোগ্যতার একটি রয়েছে: ডিস্ট্রিক্ট, বরোব্যাপী, অথবা সিটিব্যাপী।

### ডিস্ট্রিক্ট প্রোগ্রামসমূহ এই ডিসট্রিক্টে পড়াশোনা এবং বসবাসকারী শিক্ষার্থীদের জন্য উন্মুক্ত

আপনার পরিবার যে মিডল্ স্কুল ডিসট্রিক্টের জন্য জোনভুক্ত আপনার সন্তান সেখানে অবস্থিত প্রোগ্রামগুলোতে এবং, যদি সে একটি ভিন্ন ডিসট্রিক্টে পাবলিক এলিমেন্টারি স্কুলে পড়াশোনা করছে, তবে সেখানে আবেদন করতে পারবে। কোনও কোনও সময় পরিবারদের এলিমেন্টারি স্কুলের জোন থেকে মিডল্ স্কুলের জোন ভিন্ন হতে পারে। এই ক্ষেত্রে, মিডল্ স্কুলের জোন আপনার সন্তানের যোগ্যতা নির্ধারণ করবে।

কিছু ডিস্ট্রিক্ট প্রোগ্রামসমূহ যেসব শিক্ষার্থী ঐ ডিস্ট্রিক্টে বসবাস করছে অথবা পড়াশোনা করছে তাদের জন্য উন্মুক্ত; অন্য প্রোগ্রামসমূহের আরও সুনির্দিষ্ট যোগ্যতার শর্তাবলী রয়েছে। যদি একটি প্রোগ্রামের যোগ্যতার শর্ত হল "শুধুমাত্র যেসব শিক্ষার্থী ঐ জোনে বসবাস করে," এর অর্থ হচ্ছে এটা শুধুমাত্র যেসব আবেদনকারী (বৃহত্তর ডিসট্রিক্টের পরিবর্তে) ঐ স্কুলের চারপাশের একটি নির্দিষ্ট ভৌগোলিক সীমারেখার ভিতরে বসবাস করে তাদের জন্যে উন্মুক্ত।

**বরোব্যাপী প্রোগ্রামসমূহ এই বরোতে পড়াশোনা এবং বসবাসকারী শিক্ষার্থীদের জন্য উন্মুক্ত**

এই প্রোগ্রামগুলো কোনও সুনির্দিষ্ট বরোতে বসবাস অথবা বর্তমানে এলিমেন্টারি স্কুলে পড়াশোনা করছে এমন সকল শিক্ষার্থীদের জন্য উন্মুক্ত। ব্রংক্সের সকল শিক্ষার্থীদের বরোব্যাপী ব্রংক্সের সকল মিডল্ স্কুলে যোগ্যতা রয়েছে।

**সিটিব্যাপী প্রোগ্রামসমূহ NYC-তে বসবাসকারী সকলের জন্য উন্মুক্ত**

এই প্রোগ্রামগুলো সিটিব্যাপী মিডল্ স্কুলে আবেদনকারী সকলের জন্য উন্মুক্ত। কিছু সিটিব্যাপী মিডল্ স্কুল ভর্তি প্রক্রিয়ার অংশ হিসেবে শিক্ষার্থীদের জন্য অডিশন আবশ্যক করতে পারে—আরও জানতে **schools.nyc.gov/Middle** দেখুন।

## প্রোগ্রামের বৈশিষ্ট্যসমূহ

আপনি যখন আপনার সন্তানের জন্য কোন্ প্রোগ্রামগুলোতে আবেদন করবেন, তখন সেগুলো সম্পর্কে আরও জানার সময় হয়েছে! আপনার জন্য কী সবচেয়ে গুরুত্বপূর্ণ তা বিবেচনা করুন—এটা হতে পারে অবস্থান, যে ভাষাগুলো অফার করছে, কোনও স্পোর্টস্ টিম, অথবা অভিগম্যতা (প্রতিবন্ধিতাযুক্তদের জন্য বিশেষ সুবিধা)। প্রোগ্রামসমূহ খোঁজা এবং অন্বেষণ করার জন্য কীভাবে মাইস্কুলস্ ব্যবহার করতে হবে, সেবিষয়ে একটি টিউটোরিয়াল দেখতে **সেকশন 2.0**-এ দেখুন।

## চার্টার স্কুলসমূহ

চার্টার স্কুলগুলো হচ্ছে বিনা খরচের পাবলিক স্কুল যেগুলো DOE থেকে স্বাধীনভাবে পরিচালিত হয় এবং সকল NYC-তে বসবাসকারী শিক্ষার্থীদের জন্য উন্মুক্ত। DOE পাবলিক মিডল্ স্কুলগুলোতে যেসব শিক্ষার্থী আবেদন করার জন্য যোগ্য, তারা চার্টার মিডল্ স্কুলগুলোতে আবেদন করার জন্যেও যোগ্য। চার্টার স্কুলগুলোর একটি পৃথক ভর্তি প্রক্রিয়া রয়েছে। আপনি যদি কোনও চার্টার স্কুলে আবেদন করতে আগ্রহী হন, তবে কীভাবে আবেদন করতে হয় তা জানতে অনুগ্রহ করে ঐ স্কুলের সাথে যোগাযোগ করুন। আরও তথ্যের জন্য **schools.nyc.gov/Charters** দেখুন।

# 6.3
# শিক্ষার্থীরা কীভাবে অফার পায় তা জানুন

কোনো একটি নির্দিষ্ট প্রোগ্রামে আপনার অফার পাবার সম্ভাবনা কতটুকু তা কীভাবে জানবেন? এবং আপনার আবেদনপত্রের একটি প্রোগ্রামে অফার পাবার সম্ভাবনা কীভাবে বৃদ্ধি করতে পারেন? অফার কীভাবে দেয়া হয়, সেটা জানার মাধ্যমে শুরু করলে সুবিধা হবে। শিক্ষার্থীরা প্রোগ্রামগুলোতে **চারটি মূল বিষয়ের** উপর নির্ভর করে অফার লাভ করে:

পরবর্তী পৃষ্ঠাগুলোতে আরও জানুন। ▶

করুন। এই অগ্রাধিকার পেতে আপনার জোনভুক্ত স্কুলটিকে প্রথম পছন্দ হিসেবে তালিকাভুক্ত করতে হবে না।

**যেসব আবেদনকারী বিনামূল্যে এবং হ্রাসকৃত মূল্যের লাঞ্চ (ফ্রি অ্যান্ড রিডিউসড্ লাঞ্চ, FRL) পাওয়ার যোগ্য, তাদের 50% পর্যন্ত আসনে অগ্রাধিকার দেয়া হয়।**

এটা ভর্তিতে বৈচিত্র্যময়তার (ডাইভারসিটি ইন অ্যাডমিশন্স, DIA) একটি উদাহরণ। এক্ষেত্রে, যেসব আবেদনকারীর পরিবার একটি নির্দিষ্ট আয়ের শর্ত পূরণ করে, তাদের এই প্রোগ্রামের 50% আসনে অগ্রাধিকার রয়েছে।

### শিক্ষার্থীদের এলোমেলোভাবে নির্ধারিত অথবা ক্রম-অনুযায়ী নম্বর

**প্রতিটি প্রোগ্রামের ভর্তি (অ্যাডমিশনস্) পদ্ধতি উপর নির্ভর করে**

মিডল্ স্কুল প্রোগ্রামসমূহে ভর্তি পদ্ধতি সম্পর্কে জানতে **schools.nyc.gov/Middle** দেখুন। কোনও প্রোগ্রামের মাইস্কুলস্ পেইজের অ্যাডমিশনস্ (ভর্তি) সেকশনে সেটার ভর্তি পদ্ধতি সম্পর্কে সর্বসাম্প্রতিক তথ্য পাবেন।

**পরামর্শ** আসন লভ্যতা, ভর্তিতে অগ্রাধিকার (প্রায়োরিটি), এবং এলোমেলোভাবে নির্ধারিত নম্বরের উপর নির্ভর করে একটি প্রোগ্রাম কীভাবে আবেদনকারীদের অফার প্রদান করে, সেটার একটি উদাহরণ দেখতে **পিছনের মলাটের অভ্যন্তর পৃষ্ঠাটি** দেখুন।

6.4
## মিডল্ স্কুলে আবেদন করুন

- **পাবলিক স্কুলের বর্তমান শিক্ষার্থীদের জন্য:** আপনার সন্তানের স্বাগত চিঠিটি আপনার মাইস্কুলস্ অ্যাকাউন্টটি কীভাবে তৈরি করতে হবে এবং তার আবেদনপত্র পেতে হবে, তা ধাপে ধাপে বর্ণনা করবে। আপনার সন্তানের বর্তমান স্কুল কাউন্সিলার পুরো ভর্তি প্রক্রিয়া চলাকালে সহায়তা করতে পারেন।
- **প্রাইভেট বা প্যারোকিয়াল (ধর্মীয়) স্কুলের বর্তমান শিক্ষার্থীদের জন্য:** যদি আপনি DOE-এর মিডল্ স্কুলগুলোতে আবেদন করতে চান, তবে একটি মাইস্কুলস্ অ্যাকাউন্ট তৈরি করতে এবং প্রক্রিয়াটি শুরু করতে আমাদের ফ্যামিলি ওয়েলকাম সেন্টারের স্টাফগণ প্রস্তুত আছেন।

### কীভাবে আবেদন করা যায়

আপনার ক্যালেন্ডারে চিহ্ন দিয়ে রাখুন! **মিডল্ স্কুলে আবেদন করার শেষ তারিখ হচ্ছে** ___/___/___ (*শূন্যস্থানগুলো পূরণ করুন*)।

আপনি আবেদন করার আগে, আপনার আবেদনপত্রের সুনির্দিষ্ট প্রোগ্রামসমূহে বাড়তি আবশ্যকতা আছে কিনা তা নিশ্চিত হয়ে নিন, যেমন অডিশন, এবং সেগুলো উল্লেখিত শেষ সময়সীমার আগেই সম্পন্ন করুন।

# 9-12 গ্রেড
# হাই স্কুল

**NYC-এর DOE পাবলিক হাই স্কুলে ভর্তির দুইটি পথ রয়েছে, এবং আপনি দুটোই বেছে নিতে পারেন!**



### ☐ একটি হাই স্কুলের আবেদনপত্র জমা দিন

400+ হাই স্কুল থেকে 700+ প্রোগ্রাম থেকে বেছে নিন। আপনি ব্যক্তিগতকৃত আবেদনপত্রের মাধ্যমে 12টি প্রোগ্রামে আবেদন করতে পারেন।

### ☐ স্পেশালাইজড হাই স্কুলস্ অ্যাডমিশন্স-এ অংশগ্রহণ করুন

- **8-টি ভর্তির জন্য পরীক্ষা গ্রহণকারী স্পেশালাইজড্ হাই স্কুল:** এই স্কুলগুলোর যেকোনো একটি/সবগুলোতে আবেদন করার জন্য রেজিস্টার করুন এবং স্পেশালাইজড্ হাই স্কুল অ্যাডমিশন্স টেস্ট (SHSAT) দিন।
- **1-টি ভর্তির জন্য অডিশন গ্রহণকারী স্পেশালাইজড্ হাই স্কুল:** ফিওরেলো এইচ. লাগোয়ার্ডিয়া হাই স্কুল অভ মিউজিক অ্যান্ড আর্ট অ্যান্ড পারফর্মিং আর্টস্-এর 1-টি থেকে 6-টি প্রোগ্রামে অডিশনের জন্য রেজিস্টার করুন, এরপর আবেদনের জন্য অডিশন করুন।

## NYC পাবলিক স্কুলে নবাগত?

এখনই একটি স্কুল প্রয়োজন? কী করতে হবে তা জানতে **schools.nyc.gov/NewStudents** দেখুন অথবা **718-935-2009** নম্বরে ফোন করুন।

### যেসব প্রোগ্রাম এলোমেলোভাবে বরাদ্দ নম্বরসমূহ ব্যবহার করে

ভর্তির অংশ হিসেবে, ঠিক লটারির অনুরূপ, প্রত্যেক আবেদনকারীকে এলোমেলোভাবে একটি সংখ্যা বরাদ্দ করা হয়। যখন কোনও প্রোগ্রামে লভ্য আসনসংখ্যার চেয়ে আবেদনকারীর সংখ্যা বেশী হয়, তখন উন্মুক্ত এবং এডুকেশনাল অপশন (ed. opt.) ভর্তি পদ্ধতিসহ প্রোগ্রামগুলো অফার প্রদানের জন্য শিক্ষার্থীদের এলোমেলোভাবে বরাদ্দ নম্বরগুলো ব্যবহার করে।

- শিক্ষার্থীদের তাদের এলোমেলোভাবে বরাদ্দ নম্বরসমূহের ক্রমানুযায়ী ভর্তি করা হয়।
- এছাড়া প্রোগ্রামটি যদি ভর্তির অগ্রাধিকার ব্যবহার করে, তবে শিক্ষার্থীদের এলোমেলোভাবে প্রদত্ত সংখ্যা যাই হোক না কেন, প্রথম (1) অগ্রাধিকারপ্রাপ্ত গ্রুপের সকল আবেদনকারীকে দ্বিতীয় অগ্রাধিকার গ্রুপের যেকোনও আবেদনকারীর আগে ভর্তি করা হয়।

### যেসব প্রোগ্রাম ধারাক্রমকৃত নম্বর ব্যবহার করে

যাচাইকৃত (স্ক্রিনড্) অথবা অডিশন দ্বারা ভর্তি পদ্ধতি ব্যবহারকারী প্রোগ্রামগুলোর জন্য, আবেদনকারীদের কোনও সুনির্দিষ্ট প্রোগ্রামের বাছাইয়ের মানদণ্ডের ভিত্তিতে মূল্যায়ন করা হয়; এরপর আবেদনকারীদের ঐ মূল্যায়নের ভিত্তিতে ক্রমভুক্ত করা হয় এবং সর্বোচ্চ-ক্রমভুক্ত আবেদনকারীকে #1 হিসেবে শুরু করে, ক্রমানুযায়ী নম্বর বরাদ্দ করা হয়।

- যখন লভ্য আসন সংখ্যার চেয়ে অধিক আবেদনকারী থাকে, আবেদনকারীরা ধারাক্রমকৃত নম্বর অনুযায়ী অফার গ্রহণ করে।
- এছাড়া প্রোগ্রামটি যদি ভর্তিতে অগ্রাধিকার ব্যবহার করে, তবে শিক্ষার্থীদের এলোমেলোভাবে প্রদত্ত সংখ্যা যাই হোক না কেন, প্রথম (1) অগ্রাধিকারপ্রাপ্ত গ্রুপের সকল আবেদনকারীকে দ্বিতীয় (2) অগ্রাধিকার গ্রুপের যেকোনো আবেদনকারীর আগে ভর্তি করা হয়।

একটি প্রোগ্রামের বাছাইয়ের মানদণ্ড শিক্ষার্থীদের মূল্যায়ন ও ক্রমভুক্ত করতে শিক্ষায়তনিক রেকর্ড, ইন্টারভিউ, অডিশন, এবং/অথবা অন্যান্য বিষয়াদি বা ফ্যাক্টর অন্তর্ভুক্ত করতে পারে।

আরো জানতে **পিছনের মলাটের অভ্যন্তর পৃষ্ঠা** এবং **schools.nyc.gov/HowAdmissionsWorks** দেখুন। কোনও সুনির্দিষ্ট প্রোগ্রামের মাইস্কুলস্ পেইজে সেটার ভর্তি পদ্ধতি এবং বাছাইয়ের মানদণ্ড সম্পর্কে সর্বসাম্প্রতিক তথ্য পাবেন।

## ভারসাম্যপূর্ণ আবেদনের যাচাই-তালিকা


আপনার আবেদনপত্র জমা দেয়ার আগে, এই যাচাই-তালিকা বা চেকলিস্টটি ব্যবহার করুন! আপনার আবেদনপত্রে উল্লিখিতগুলো আছে কি...

- ☐ **12টি পছন্দের প্রোগ্রাম,** যেগুলোর **যেকোনো** একটিতে ভর্তি হলে আপনি খুশি হবেন। আপনার পছন্দের প্রোগ্রামগুলো সম্পর্কে আরো তথ্য জেনে, আপনার আবেদনপত্রে সেগুলো যোগ করলে, আপনি ভর্তি হতে চান এমন একটি প্রোগ্রাম থেকে অফার পাবার সম্ভাবনা বৃদ্ধি পায়।
- ☐ **আপনার পছন্দের প্রোগ্রামসমূহ আপনার প্রকৃত পছন্দের অগ্রাধিকারক্রম অনুযায়ী।** আপনার আবেদনপত্রে সবসময় প্রোগ্রামগুলোকে আপনার অগ্রাধিকারপ্রাপ্ত পছন্দটিকে সবার উপরে, #1 হিসেবে রেখে, প্রকৃত পছন্দের অগ্রাধিকারক্রমে সাজাবেন। এরচেয়ে ভাল কোনও কৌশল নেই!
- ☐ **শুধু উচ্চ চাহিদা সম্পন্ন প্রোগ্রামগুলো নয়।** আসনপ্রতি আবেদনকারীর সংখ্যা কম হবার অর্থ হলো, সেখান থেকে একটি অফার পাবার অধিকতর সম্ভাবনা।
- ☐ **আপনার প্রথম (1) অগ্রাধিকার গ্রুপে রয়েছেন এমন কিছু প্রোগ্রাম।** কোনও প্রোগ্রামের প্রথম অগ্রাধিকারপ্রাপ্ত গ্রুপে থাকার অর্থ হচ্ছে, সেটা থেকে একটি অফার পাবার উচ্চতর সম্ভাবনা।
- ☐ **ভর্তি পদ্ধতিসমূহের একটি মিশ্রণ** যদি আপনি কোনও যাচাইকরণ (স্ক্রিনড্) অথবা অডিশন প্রোগ্রামে আবেদন করছেন, তবে ভর্তি পদ্ধতিসমূহ ব্যবহার করে এমন কিছু প্রোগ্রাম অন্তর্ভুক্ত করতে ভুলবেন না।

# উদাহরণ একটি নমুনা প্রোগ্রামে কীভাবে শিক্ষার্থীরা অফার পেয়ে থাকে


*এটা অ্যাডমিশন্স তথা ভর্তি প্রক্রিয়া দ্বারা ভিন্ন ভিন্ন হয়।*

প্রোগ্রাম X -এ **আটটি আসন ও এগারজন আবেদনকারী** রয়েছে। যেহেতু সেখানে আসন সংখ্যার চেয়ে আবেদনকারীর সংখ্যা বেশি, সকল আবেদনকারী প্রোগ্রাম X -এ একটি অফার পাবে না। এর অর্থ হচ্ছে যে কোন্ আবেদনকারী গ্রুপ প্রোগ্রাম X -এ প্রথম অফার পাবে, তা **অ্যাডমিশন্স তথা ভর্তিতে অগ্রাধিকারের** মাধ্যমে নির্ধারিত হবে।





## অগ্রাধিকার গ্রুপ 1

**প্রথমত,** অগ্রাধিকার (প্রায়োরিটি) গ্রুপ 1-এর আবেদনকারীদের অফারের জন্যে বিবেচনা করা হবে। যেহেতু এই গ্রুপে চারজন রয়েছে এবং আটটি আসন রয়েছে, অগ্রাধিকার গ্রুপ 1-এর সকল আবেদনকারী এই প্রোগ্রামে অফার পাবে।





## অগ্রাধিকার গ্রুপ 2

**এরপর,** অগ্রাধিকার (প্রায়োরিটি) গ্রুপ 2-এর আবেদনকারীদের অফারের জন্যে বিবেচনা করা হবে। চারটি আসন অবশিষ্ট আছে, এবং যেহেতু অগ্রাধিকার (প্রায়োরিটি) গ্রুপ 2-এ শুধু তিনজন আবেদনকারী রয়েছে, তাই তারা সবাই অফার পাবে।





## অগ্রাধিকার গ্রুপ 3

**অবশেষে,** অগ্রাধিকার (প্রায়োরিটি) গ্রুপ 3-এর আবেদনকারীদের অফারের জন্যে বিবেচনা করা হবে। শুধুমাত্র একটি আসন বাকি আছে। এর অর্থ হচ্ছে যে কে অফারটি পাবে তা **এলোমেলোভাবে নির্ধারিত নম্বর** দ্বারা নির্ধারণ করা হবে।




ভর্তি প্রক্রিয়ার অংশ হিসেবে, প্রত্যেক আবেদনকারীকে এলোমেলোভাবে একটি নম্বর বরাদ্দ করা হয়েছে। আবেদনকারীদের অগ্রাধিকার গ্রুপের মাঝে এলোমেলো নম্বর দ্বারা ধারাক্রম করা হয়।

## প্রোগ্রাম X -এ অফার প্রাপ্তগণ




অগ্রাধিকার (প্রায়োরিটি) গ্রুপ 3-এর শুধুমাত্র এলোমেলোভাবে দেয়া সবচেয়ে বলিষ্ঠ নম্বর প্রাপ্ত শিক্ষার্থীই এই প্রোগ্রামে একটি অফার পাবে। এখন প্রোগ্রাম X -এর সব আসন পূর্ণ।

## ওয়েটলিস্ট বা অপেক্ষা-তালিকাভুক্তি

অবশিষ্ট তিনজন আবেদনকারী প্রোগ্রাম X -এ কোনও অফার পাবে না। এই শিক্ষার্থীদের এখন তাদের আবেদনপত্র অনুযায়ী পরবর্তী প্রোগ্রামের জন্য বিবেচনা করা হবে। এছাড়াও তাদের প্রত্যেককে এই প্রোগ্রামের অপেক্ষা-তালিকায় (ওয়েটলিস্টে) যোগ করা হবে।

